**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২১৩ তারিখঃ ১৬ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
০১ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়ঃ বিনিয়োগকারী ও পুঁজিবাজারের স্বার্থে অন্তবর্তীকালীন নগদ লভ্যাংশ সংক্রান্ত বিষয়ে কমিশনের পূর্বের জারিকৃত নোটিফিকেশনের অধিকতর স্পষ্টিকরণ প্রসঙ্গে।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক বিনিয়োগকারী ও পুঁজিবাজারের স্বার্থে তালিকাভুক্ত কোম্পানির লভ্যাংশ ঘোষণা ও বিতরণ সংক্রান্ত কতিপয় শর্ত আরোপ করে গত ২০ জুন, ২০১৮ তারিখে নোটিফিকেশন নং-BSEC/CMRRCD/2006-158/208/Admin/81 এবং পরবর্তীতে বোনাস শেয়ার ঘোষণা সংক্রান্ত ২৩ মে, ২০১৯ তারিখে নোটিফিকেশন নং BSEC/CMRRCD/2009-193/222/Admin/91 ইস্যু করা হয়।

উক্ত বিষয়ে বিনিয়োগকারী ও কোম্পানির আবেদন পর্যালোচনা পূর্বক বিনিয়োগকারী ও পুঁজিবাজারের স্বার্থে অধিকতর স্পষ্টিকরণ করার প্রয়োজনে অন্তবর্তীকালীন নগদ লভ্যাংশ সংক্রান্ত কমিশনের ব্যাখ্যা নিম্নরূপ:

''এক্ষেত্রে অন্যান্য সিকিউরিটিজ আইন পরিপালন করে ও সংশ্লিষ্ট প্রান্তিকের আর্থিক হিসাব বিবরণীতে যথাযথ ক্ষতি (যদি থাকে) অথবা অনারোপিত ব্যয় অথবা প্রভিশন সংরক্ষণ পূর্বক স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানিসমূহের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুযায়ী পুঞ্জিভূত অর্জিত মুনাফা থাকলে তা হতে অন্তবর্তীকালীন নগদ লভ্যাংশ ঘোষণা ও বিতরণ করতে পারবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রান্তিক আর্থিক হিসাব বিবরণী নিরীক্ষার বাধ্যবাধকতা নেই। ইহা অনতিবিলম্বে কার্যকর হবে।"

এ বিষয়ে পূর্বের জারিকৃত নোটিফিকেশনের সংশোধনপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টিকরণ করে কমিশন পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।

01-11-2020
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"